দৈনিক বাংলা

তারিখ ... 18 MAY 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...

15

# ঢাকা কলেজে হাঙ্গামা অগ্নিসংযোগ ঃ অধ্যক্ষের অফিস ভাংচুর

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

একদল ছাত্র গতকাল সকাল সাড়ে এগারটা থেকে সাড়ে বারটা পর্যন্ত ঢাকা কলেজে হাঙ্গামা চালায় ও ব্যাপক ভাংচুর করে। হামলায় কলেজের প্রিন্সিপাল ও ভাইস প্রিন্সিপালের অফিস, বিভিন্ন বিভাগীয় অফিস ও ল্যাবরেটরীর ব্যাপক ক্ষতি সাধিত হয়। ক্ষয়ক্ষতির পরিমাণ দশ লাখ টাকার উপরে হবে বলে কলেজ কর্তৃপক্ষ দাবী করেছেন।

জানা গেছে আগামী ২৯শে মে অনুষ্ঠিতব্য ঢাকা কলেজ ছাত্র সংসদ নির্বাচনের আগে কিছু ছাত্রনেতাকে কলেজে পুনঃভর্তির সুযোগ দেয়ার

(শেষ পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

## ঢাকা কলেজে হাঙ্গামা

(প্রথম পৃঃ পর)

দাবীকে কেন্দ্র করে এই ঘটনা ঘটে। গত ১৬ই মে ছিল নির্বাচনের মনোনয়নপত্র জমা দেয়ার দিন। কিন্তু সেদিন কোন ছাত্র সংগঠনই মনোনয়নপত্র জমা দেয়নি এবং অন্য কাউকেও জমা দিতে দেয়া হয় নি।

গতকাল সকাল সাড়ে এগারটায় একদল ছাত্র ছাত্রনেতাদের ভর্তির সুযোগ দেয়ার দাবীতে প্রিন্সিপালের অফিস ঘেরাও করে। এক পর্যায়ে তারা অধ্যক্ষের অফিস কক্ষে ঢুকে টেলিফোন সেটসহ মূল্যবান আসবাবপত্র ভাংচুর করে এবং কাগজপত্রে আগুন ধরিয়ে দেয়। একইভাবে ভাইস প্রিন্সিপাল, নির্বাচন কমিশনারের অফিস ও বিভিন্ন বিভাগের অফিস ও ল্যাবরেটরী ভাংচুর করা হয়। ছাত্ররা উত্তর ছাত্রাবাসের সুপারের বাসা এবং প্রিন্সিপাল ও ভাইস প্রিন্সিপালের বাসায়ও হামলা চালায়। এ ঘটনার কিছুক্ষণ পর পুলিশ কলেজ ক্যাম্পাসে প্রবেশ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এ ব্যাপারে গতকাল অনেক চেষ্টা করেও কলেজের প্রিন্সিপালের সাথে যোগাযোগ করা যায়নি। ধানমন্ডী থানা পুলিশও এ ব্যাপারে কিছু জানে না বলে উল্লেখ করেছে। শেষ খবর পাওয়া পর্যন্ত কলেজ ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে এবং কড়া পুলিশ প্রহরা মোতায়েন করা হয়েছে।